

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৯৭৫(আগরতলা, ১৩।৬)  
উদয়পুর, ১৩ জুন, ২০১৮

গোমতী জেলায় ফলচাষের লক্ষ্যমাত্রা

গোমতী জেলায় কৃষকদের ফল ও অর্থকরী ফসল চাষে উৎসাহিত করতে এবং এর মাধ্যমে কৃষকদের আয় বৃদ্ধি করতে বিশেষ উদ্যোগ নিয়েছে উদ্যান ও ভূমি সংরক্ষণ দপ্তর। এই কর্মসূচিতে আগামী তিন মাসে (জুন-আগষ্ট) দপ্তর থেকে বিভিন্ন ধরনের ফল ও অর্থকরী ফসল চাষের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। প্রথম পর্যায়ে আগামী তিন মাসে সমগ্র গোমতী জেলায় ৪৯ হেক্টর জমিতে আম, ৫০ হেক্টরে কমলা, ২৩ হেক্টরে মোসাম্বি, ৮ হেক্টরে লেবু, ৪ হেক্টরে নারকেল, ১০১ হেক্টরে সুপারী ইত্যাদি ফল চাষ করা হবে। দ্বিতীয় পর্যায়ে (সেপ্টেম্বর-অক্টোবর) জেলার বিভিন্ন এলাকায় মোট ৭৪ হেক্টরে আনারস চাষ করা হবে।

\*\*\*\*\*